



আওয়ামী লীগের পুনর্বাসন রোধ করতে হবে: নাসীরুদ্দীন পাটওয়ারী



নাসিরুদ্দীন পাটওয়ারী। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, আওয়ামী লীগ আবার রাজনৈতিকভাবে সক্রিয় হওয়ার চেষ্টা করছে, যা প্রতিহত করতে হবে। তিনি বলেন, যারা দলটির প্রতি অনুরাগী তারা চাইলে ভারতে গিয়ে শেখ হাসিনার সঙ্গেই থাকতে পারেন।

বৃহস্পতিবার (১৯ মার্চ) চাঁদপুর প্রেসক্লাব অডিটোরিয়ামে জাতীয় নাগরিক পার্টি আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, নদীঘেরা চাঁদপুরকে টিকিয়ে রাখতে নদী সংরক্ষণ ও পরিকল্পিত বালু উত্তোলন জরুরি, নইলে ভাঙনে মানুষ বাস্তুচ্যুত হবে। একই সঙ্গে জেলার শিক্ষা ও বাণিজ্যের মান প্রত্যাশিতভাবে না বাড়ার অভিযোগ তুলে চাঁদপুর সরকারি কলেজসহ শিক্ষাপ্রতিষ্ঠানের মানোন্নয়নে উদ্যোগ নেওয়ার আহ্বান জানান।

মেধার বদলে দলীয় প্রভাবে নিয়োগ বাড়ছে বলেও তিনি মন্তব্য করেন এবং উদাহরণ হিসেবে বাংলাদেশ ব্যাংক—এর নিয়োগের প্রসঙ্গ তোলেন। অবৈধ ঠিকাদারি ঠেকাতে স্থানীয়দের সতর্ক থাকার আহ্বান জানান তিনি। অনুষ্ঠানে দলটির কেন্দ্রীয় ও স্থানীয় নেতারা উপস্থিত ছিলেন।